গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

অভ্যন্তরীন প্রশাসন-২

## ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইসমাইল হোসেন এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৪.০৮.২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা। |
| স্থান | সভা কক্ষ (কক্ষ নং-১০৪, ২য় তলা, ভবন নং-৪) |
| উপস্থিতি | (সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য) |

সভার প্রারম্ভে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য খাদ্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, যুগ্ম-সচিব (প্রশাসন-১) জনাব মোঃ হাবিবুর রহমান হোছাইনী-কে আহ্বান জানান। তিনি আলোচ্যসূচী অনুযায়ী প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়। অত:পর ২০২১-২০২২ অর্থবছরের বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং খাদ্য অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির স্বমূল্যায়নকৃত প্রতিবেদন নৈতিকতা কমিটির সভায় পর্যালোচনা করে চূড়ান্ত নম্বর প্রদানের জন্য উপস্থাপন করা হয়। এছাড়াও খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম সমূহ বাস্তবায়ন ও দুর্নীতি প্রতিরোধমূলক কার্যক্রম সমূহের প্রমাণক নির্ধারণের জন্য উপস্থাপন করা হয়।

অতঃপর সভায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং খাদ্য অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির মূল্যায়ন ও খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **আলোচ্য সূচি ২:- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং খাদ্য অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন** | | | |

| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও খাদ্য অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার মূল্যায়ন। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত স্বমূল্যায়ন প্রতিবেদনে ৪৫.৩৩ নম্বর দাবি করা হয়। কার্যক্রমসমূহ বাস্তবায়ন প্রতিবেদন এবং প্রমাণক নৈতিকতা কমিটির সভায় বিস্তারিত পর্যালোচনা করে ৪২.০৮ নম্বর প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। খাদ্য অধিদপ্তরের স্বমূল্যায়নকৃত প্রতিবেদনে ৫০ নম্বর দাবি করা হলেও নৈতিকতা কমিটি কর্তৃক মূল্যায়নে ৪২.৯ নম্বর প্রদানের বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়। | ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মূল্যায়নপূর্বক **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে ৪২.০৮ ও খাদ্য অধিদপ্তরকে ৪২.৯ নম্বর** প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি, খাদ্য মন্ত্রণালয়। |
| **আলোচ্য সূচি ৩:- খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিক ও আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম সমূহ বাস্তবায়ন** | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেষ্ট হওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ১০০% বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট অধিশাখা/শাখা |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী চার কোয়ার্টারে ১৭০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারে ৪০ জন কে প্রশিক্ষণ প্রদান পূর্বক প্রমানক হিসাবে প্রশিক্ষণের নোটিশ, হাজিরা, ছবি সংরক্ষণ ও প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করে প্রমাণক হিসেবে প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন-১)/উপসচিব (অভ্যন্তরীণ প্রশাসন-১) |

| | | | |
|---|---|---|---|
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রকাশের লক্ষ্যমাত্রা ৩১.০৭.২০২২ তারিখ নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৭.০৭.২০২২ তারিখে ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। কিন্তু বাস্তবতার আলোকে প্রয়োজনের নিরিখে তা বছর শেষে পরিবর্তিত হয়। এজন্য সংশোধিত ক্রয়-পরিকল্পনা প্রকাশের সময় সীমা ৩১.০৩.২০২৩ তারিখ নির্ধারিত আছে। আগামী ৩১.০৩.২০২৩ তারিখের মধ্যে সংশোধিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। | সংশোধিত ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক ৩১ মার্চ ২০২২খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), উপসচিব (সেবা), সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সিস্টেম এনালিস্ট। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা মোতাবেক ১ম কোয়ার্টারে ১০% বাস্তবায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেষ্ট থাকার আহবান জানানো হয়। | অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা মোতাবেক ১ম কোয়ার্টারে ১০% বাস্তবায়ন করতে হবে এবং প্রমাণক হিসেবে বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষর করে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), উপসচিব (সেবা), সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সিস্টেম এনালিস্ট। |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ১ম কোয়ার্টারে ১০% লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেষ্ট থাকার আহবান জানান। | ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০% বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারে ৪টি PSC সভা আয়োজন করতে হবে এবং প্রমাণক হিসেবে আয়োজিত সভার হাজিরা এবং কার্যবিবরণী প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | আয়োজিত সভার হাজিরা এবং কার্যবিবরণী প্রমাণক হিসেবে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)/পরিকল্পনা-২ |
| **আলোচ্যসূচি ৪: ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহ বাস্তবায়ন** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | যেসকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয়-করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন। একই সাথে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ যেন দপ্তর/সংস্থাসমূহের গাড়ি, প্রকল্পের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়ে উপসচিব (সেবা শাখা) কর্তৃক সকল কর্মকর্তাকে পত্রের মাধ্যমে অবগত করানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। যেসকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয়-করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ যেন দপ্তর/সংস্থাসমূহের গাড়ি, প্রকল্পের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়ে উপসচিব (সেবা) কর্তৃক সকল কর্মকর্তা /প্রকল্প পরিচালক-কে পত্র প্রেরণপূর্বক মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং চেয়ারম্যান নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br><br>২। সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ কার্যক্রম বাস্তবায়নের স্বপক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাক্ষরিত এবং সচিব মহোদয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র প্রমাণক হিসাবে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/উপসচিব (সেবা) ও সকল কর্মকর্তা। |
| ৩.২ খাদ্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতাধীন শ্রম হ্যান্ডিলিং কার্যক্রমের ক্রয় প্রক্রিয়ায় (প্রতি বিভাগে ২টি জেলার সকল সংরক্ষণাগারে আইনগত বা প্রশাসনিক বাধা না থাকলে শ্রম ক্রয়ে যথাসময়ে টেন্ডার করা হচ্ছে কিনা, অনুমোদিত নূ্যনতম মজুরি মানা হচ্ছে কিনা সে বিষয়ে মনিটরিং ও ফিডব্যাক প্রদান এবং ব্যর্থতায় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ) বিশেষ তদারকী ব্যবস্থা প্রচলন। | কার্যক্রমটির নাম আংশিক পরিবর্তন করে "খাদ্য অধিদপ্তরাধীন যে কোন ১ টি জেলার ২ টি উপজেলার ২টি এলএসডি এর শ্রম হ্যান্ডেলিং কার্যক্রমের জন্য অর্থ মন্ত্রণালয়ের নির্ধারিত ষ্ট্যান্ডার্ড শ্রমিক মুজুরি ও ঠিকাদার কমিশন বাস্তবায়ন" করার বিষয়ে আলোচনা করা হয়।<br>তাছাড়া প্রমাণক হিসেবে ঠিকাদারের সাথে চুক্তির কপি ও চুক্তিপত্রের সাথে সংযুক্ত শ্রমিকের নাম ও জাতীয় পরিচয় পত্রের নম্বর সম্বলিত তালিকা; নিয়োজিত শ্রমিকদের জাতীয় পরিচয় পত্র, মোবাইল নম্বর এবং ব্যাংক একাউন্ট নম্বর, ব্যাংক ষ্টেটমেন্ট /মোবাইল ব্যাংকিং একাউন্ট ষ্টেটমেন্ট সংক্রান্ত সংশ্লিষ্ট কাগজপত্রাদি নির্ধারণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। কার্যক্রমটি নিম্নরুপ আংশিক পরিবর্তন করে সংশোধন করতে হবে:-<br>"খাদ্য অধিদপ্তরাধীন যে কোন ১ টি জেলার ২ টি উপজেলার ২টি এলএসডি এর শ্রম হ্যান্ডেলিং কার্যক্রমের জন্য অর্থ মন্ত্রণালয়ের নির্ধারিত ষ্ট্যান্ডার্ড শ্রমিক মুজুরি ও ঠিকাদার কমিশন বাস্তবায়ন"<br><br>২। প্রমাণক হিসেবে ঠিকাদারের সাথে চুক্তির কপি ও চুক্তিপত্রের সাথে সংযুক্ত শ্রমিকের নাম ও জাতীয় পরিচয় পত্রের নম্বর সম্বলিত তালিকা; নিয়োজিত শ্রমিকদের জাতীয় পরিচয় পত্র, মোবাইল নম্বর এবং ব্যাংক একাউন্ট নম্বর, ব্যাংক ষ্টেটমেন্ট /মোবাইল ব্যাংকিং একাউন্ট ষ্টেটমেন্ট সংক্রান্ত সংশ্লিষ্ট কাগজপত্রাদি নির্ধারণ করা হয়। | অতিরিক্ত সচিব (সংগহ ও সরবরাহ) |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ খাদ্য অধিদপ্তরের অডিট সফটওয়্যারের এন্ট্রিকৃত সকল অডিটের মধ্যে কোন কর্মচারীর ব্যক্তিনামে আপত্তি থাকলে তা শনাক্তকরণের এবং উক্ত আপত্তির জবাব মন্ত্রণালয় হতে নিষ্পত্তির সুপারিশসহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে কিনা শনাক্তকরণের পদ্ধতি প্রবর্তন করে পেনশন প্রদানে দুর্নীতি রোধ করা। | কার্যক্রমটিতে পেনশন প্রদানে দুর্নীতি রোধ করা শব্দটির পরিবর্তে “পেনশন প্রদানে স্বচ্ছতা আনয়ন” শব্দটি প্রতিস্থাপিত করার বিষয়ে আলোচনা হয়। সফল ভাবে বাস্তবায়নের জন্য এখন হতে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হয়। কার্যক্রমটি বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক হিসেবে সফটওয়্যার জেনারেটেড রিপোর্ট সংরক্ষণ এবং প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। কার্যক্রমটিতে পেনশন প্রদানে দুর্নীতি রোধ করা শব্দটির পরিবর্তে “পেনশন প্রদানে স্বচ্ছতা আনয়ন” শব্দটি প্রতিস্থাপন করতে হবে।<br><br>২। কার্যক্রমটির প্রমাণক হিসেবে সফটওয়্যার জেনারেটেড রিপোর্ট সংরক্ষণ এবং প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) |
| ৩.৪ খাদ্য মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের এর প্রধান কর্তৃক ০২টি প্রকল্পের প্রতিটির একটি করে কম অগ্রগতি সম্পন্ন কাজের Visual পরিদর্শন প্রতিবেদন প্রদান এবং তা বাস্তবায়ন সংক্রান্ত Visual বাস্তবায়ন প্রতিবেদন গ্রহণের মাধ্যমে Visual Monitoring পদ্ধতি চালুকরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরন। | কার্যক্রমটি সফল ভাবে বাস্তবায়নের জন্য এখন হতে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হয়। কার্যক্রমটি বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক হিসেবে নোটিশ, ছবি ও ভিডিও সংরক্ষণ এবং প্রেরণ করা করার বিষয়ে আলোচনা করা হয়। | কার্যক্রমটি বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক হিসেবে নোটিশ, ছবি ও ভিডিও দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৪.৩২.০০২.২২.২৫৯

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৯
২৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

৩) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

৪) মহাপরিচালক, মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়

৫) যুগ্ম সচিব, প্রশাসন-১ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয় (শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

৬) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

৭) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

৮) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৯) সিস্টেম এনালিস্ট খাদ্য মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১০) সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা, খাদ্য মন্ত্রণালয়
১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, খাদ্য মন্ত্রণালয়

সৌরেন্দ্র নাথ সাহা
উপসচিব